ইত্তেফাক

তারিখ ৩৬।২।৮৯
পৃষ্ঠা ... কলাম ...

১৩৩

## ২৮শে মার্চ ঢাকা কলেজ ছাত্র পুনর্মিলনী উৎসব

আগামী ২৮শে মার্চ ঢাকা কলেজ ছাত্র পুনর্মিলনী উৎসব শুরু হইবে। দুই দিনব্যাপী উৎসবে অংশগ্রহণেচ্ছু প্রাক্তন শিক্ষক ও ছাত্রদের নাম রেজিষ্ট্রেশন ১০ই মার্চের মধ্যে শেষ করিতে হইবে। খবর প্রেস বিজ্ঞপ্তির।

## রুশ বিমান দুর্ঘটনায় ৭০ জন নিহত

রয়টার জানায়, গত ৭ই ফেব্রুয়ারী লেনিনগ্রাদের ১২ মাইল দূরে এক বিমান দুর্ঘটনায় সোভিয়েট নৌ-বাহিনীর কয়েকজন অফিসারসহ প্রায় ৭০ ব্যক্তি নিহত হইয়াছে। পশ্চিমা সূত্র সোভিয়েট কর্মকর্তাদের বরাত দিয়া জানায়, ভাগ্যাহত বিমানটি সম্ভবতঃ তুপোলেভ-১৩৪ বা টিইউ-১০৪ জাতের। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সংবাদপত্র 'রেডষ্টারে' বলা হয়, বিমান দুর্ঘটনায় নিহতদের গত বৃহস্পতিবার দাফন করা হইয়াছে। তবে পত্রিকায় দুর্ঘটনার কোন বিবরণ দেওয়া হয় নাই।